

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 26-02-2025**

**Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যে ‘চা পর্যটন নীতি’ নিয়ে অপ্রচার চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যনার্জী জানিয়েছেন।
- ২) সাম্প্রতিক অকাল বৃষ্টি এবং ডিভিসি-র ছাড়া জলে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সাহায্য দেওয়ার সিদ্ধান্ত রাজ্য সরকারের।  
# আলুর সহায়ক মূল্য ধার্য করা হয়েছে কুইন্টাল পিছু ৯০০ টাকা।
- ৩) কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আপাতত বৃষ্টির কোনো সন্মাবনা না থাকলেও উত্তরবঙ্গে বিক্ষিপ্তভাবে হাঙ্কা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দণ্ড।
- ৪) রাজ্য উচ্চ মাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে নিরবচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিন্ত করতে সবধরনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে সরকার।
- ৫) আজ শিব চতুর্দশী। সকাল থেকেই তারকেশ্বর, জল্লেশ সহ বিভিন্ন শৈব তীর্থে অগণিত ভক্ত সমাগম।

পূর্ব রেল আজ ও আগামীকাল হাওড়া তারকেশ্বরের মধ্যে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

- ৬) দীঘায় নির্মায়মান জগন্নাথ মন্দির পরিচালনার জন্য মুখ্য সচিবের নেতৃত্বে ২৭ সদস্যের কমিটি গঠন।
- ৭) আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আজ হায়দ্রাবাদ এফ, সি, র মুখোমুখি হবে।

---

রাজ্যে চা পর্যটন নীতি নিয়ে অপ্রচার চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যনার্জি  
জানিয়েছেন।

নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকের পর তিনি এই নীতি বিশদে ব্যাখ্যা করেন।  
মুখ্যমন্ত্রী বলেন, চা উৎপাদন বা শ্রমিক স্বার্থের সঙ্গে আপোষ করে বাগানের জমি অন্য  
কাজে ব্যবহারের কোনো প্রশ্নই নেই। বন্ধ বা লোকসানে চলা চা বাগানের অব্যবহৃত  
জমি শর্ত সাপেক্ষে আগ্রহী সংস্থাকে চা-পর্যটনের জন্য লিজ দেওয়া হবে।

(বাইট- মুখ্যমন্ত্রী চা)

---

সাম্প্রতিক অকাল বৃষ্টি এবং ডিভিসির ছাড়া জলে ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে  
দাঁড়াতে রাজ্য সরকার, তাদের আর্থিক সাহ্য দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বাংলা শস্য  
বীমা যোজনা প্রকল্পের আওতায় মোট ৩২১ কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ দেওয়া হবে।

সাম্প্রতিক বৃষ্টিতে বেশ কিছু জেলায় আলু ও ধান চাষের ক্ষতি হয়েছে।

বাঁকুড়া ও পূর্ব বর্ধমান জেলায় ডিভিসির ছাড়া জলেও আলু নষ্ট হয়ে গেছে।  
মুখ্যমন্ত্রী বলেন, ওই ভিজে যাওয়া আলু কিনে নিয়ে সুফল বাংলার মাধ্যমে সেগুলি বিক্রি  
করে দেওয়া হবে।

এছাড়াও রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ আলুর সহায়ক মূল্য কুইন্টাল পিছু ১০০  
টাকা ধার্য করা হয়েছে।

এদিকে, সাম্প্রতিক বৃষ্টিতে রাজ্যে আম সহ বিভিন্ন চাষ ক্ষতিগ্রস্ত হয়েছে। আমের ফলনের ক্ষয়ক্ষতি নিয়ে মালদা থেকে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

### প্রতিবেদন

---

কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আপাতত বৃষ্টির কোনো সম্ভাবনা নেই। আবহাওয়া মূলত শুষ্ক থাকবে বলে আবহাওয়া সূত্রে জানা গেছে। আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকতে পারে। তবে উত্তরবঙ্গে দার্জিলিং ও কালিম্পংগের পার্বত্য এলাকায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা। দার্জিলিং-এরও কোথাও কোথাও তুষারপাতের পূর্বাভাস। হিমালয় সন্ধিত জেলাগুলিতে মাঝারি কুয়াশা হতে পারে। আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন,

(বাইট-ওয়েদার হাবিবুর)

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ২০ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা শূন্য দশমিক ৩ ডিগ্রি বেশি। গতকাল সর্বচ্ছ তাপমাত্রা ছিল ২৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় ১ দশমির ৭ ডিগ্রি কম।

---

রাজ্য সরকার আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে নিরবচ্ছিন্ন বিদ্যৃৎ সরবরাহ সুনির্ণিত করতে সব ধরনের ব্যবস্থা গ্রহনের নির্দেশ দিয়েছে।

বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস গতকাল বিধাননগরে বিদ্যুৎ ভবনে রাজ্য বিদ্যুৎ বন্টন বিভাগের বিভিন্ন আধিকারিক সহ জেলার কর্ম কর্তাদের সঙ্গে বৈঠক করেন। সেখানেই পরীক্ষা চলাকালীন বিদ্যুৎ বিপর্যয় রোধে সব ধরনের ব্যবস্থা গ্রহনের পাশাপাশি হঠাত প্রাকৃতিক দুর্ঘটনার ফলে যাতে কোন দুর্ঘটনা না ঘটে সে ব্যাপারে সকলকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন তিনি। সদ্য সমাপ্ত মাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখার জন্যে দণ্ডরের আধিকারিকদের তিনি অভিনন্দন জানান।

উল্লেখ্য, রাজ্যে এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামী সোমবার তেসরা মার্চ।

---

রাজ্যে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিভিন্ন বিদ্যালয়ে ভালো পড়ুয়া থাকলেও নির্দিষ্ট বিষয় পড়ানোর জন্য শিক্ষক শিক্ষিকার অভাব রয়েছে বলে বিধানসভার স্কুল শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি রিপোর্ট জমা দিয়েছে।

কমিটির সভাপতি কালীপদ মন্ত্রণালয়ে নেতৃত্বে সদস্যরা সম্প্রতি রাজ্যের বিভিন্ন জেলার স্কুল পরিদর্শন করেন। অভিভাবক ও শিক্ষকদের সঙ্গে কথা বলার পাশাপাশি স্কুলে পড়ুয়া-শিক্ষকের অনুপাত সঠিক কিনা তা যাচাই করার সুপারিশ করাও হয়েছে। সরকারি স্কুলে ইংরাজি মাধ্যমে পঠনপাঠনের চাহিদা বৃদ্ধির কথাও রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

---

হাইকোর্টের নির্দেশে কোচবিহার পথগান বর্মা বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার পদে ফের যোগদান করলেন আব্দুল কাদের সফেলী।

গত বছর মে মাসে তৎকালীন উপাচার্য নিখিল রায়, রেজিস্ট্রার আব্দুল কাদের সফেলীকে বিভিন্ন অভিযোগে সাসপেন্ড করেন। এরপরেই এই সাসপেনশনের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন তিনি। সোমবার হাইকোর্ট সেই সিদ্ধান্তকে অবৈধ বলে ঘোষণা করে আব্দুল কাদের সাফেলীকে রেজিস্টার পদে ফের যোগদান করার নির্দেশ দেয়। এর প্রেক্ষিতেই গতকাল কাজে যোগদান করেন তিনি।

---

১১৫ বছর ধরে চলে আসা "দ্য মেডিনীপুর পিপলস্ কো-অপারেটিভ ব্যাংকের পরিচালন সমিতির নির্বাচন হবে আগামী ২৩ শে মার্চ। এজন্য মনোনয়নপত্র জমা নেওয়ার কাজ আজ শেষ হচ্ছে।

এদিকে, এই মনোনয়নপত্র দাখিলকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়িয়েছে মেডিনীপুরে। তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রতিনিধি ব্যতীত বিরোধী দলের কোন সমর্থক মনোনয়নপত্র তুলতে না পারায় ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। সিপিআইএম সমর্থকদের অভিযোগ, কেশপুর চন্দ্রকোনা সহ বিভিন্ন জায়গা থেকে বাসে করে বহিরাগতদের নিয়ে এসে, বিরোধীদের মনোনয়নপত্র তোলার কাজে বাধার সৃষ্টি করা ছাড়াও ব্যাপক মারধর করা হচ্ছে। শাসকদল অবশ্য যাবতীয় অভিযোগ অস্বীকার করেছে।

---

আজ শিব চতুর্দশী। সকাল থেকেই হৃগলীর তারকেশ্বর, জলপাইগুড়ির জল্লেশ সহ বিভিন্ন শৈব তীর্থে অগণিত ভক্ত সমাগম হয়েছে। পঞ্জিকা মতে সকাল ৯ টা ৪২ মিনিটের পর চতুর্দশী তিথি পড়লেও ভোর থেকেই সুসজ্জিত মন্দিরগুলিতে শুরু হয়েছে

বিশেষ পুজোপাঠ। পুণ্যার্থীরা উপবাসী থেকে রাতভর প্রহরে প্রহরে শিবের মাথায় জল ঢালবেন।

তারকেশ্বরে এই উপলক্ষে প্রচুর ভক্ত বাঁক কাঁধে নিয়ে ভিড় করেছেন।

জল্লেশে শুরু হয়েছে ঐতিহ্যবাহী মেলা। চলবে টানা ১০ দিন। মেলার পাশাপাশি থাকছে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানও। শিবরাত্রি উপলক্ষে মেলায় তিনটি ওয়াচ টাওয়ার ও সিসিটিভি ক্যামেরা লাগানো হয়েছে। থাকছে শতাধিক স্বেচ্ছাসেবকও।

ভারত সেবাশ্রম সংঘের প্রতিষ্ঠাতা স্বামী প্রণবানন্দজী মহারাজের জন্ম জয়ন্তী উপলক্ষে সংঘের পক্ষ থেকে নানা আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এদিকে আজ মহাশিবরাত্রিতে পুণ্যম্বানের মধ্য দিয়েই উত্তরপ্রদেশের প্রয়াগরাজের মহাকুম্ভ মেলা শেষ হবে। এরাজ্যও গঙ্গা সহ বিভিন্ন নদনদীর ঘাটে ঘাটে চলেছে পুণ্যম্বান।

---

কুভ্রমেলায় পদপিষ্ট হওয়া সহ মেলার সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন দুর্ঘটনায় যারা প্রাণ হারিয়েছেন, রাজ্য সরকার সেইসব পরিবারকে দ্রুত ক্ষতিপূরণ দেওয়ার জন্যে উত্তরপ্রদেশ সরকারের কাছে দাবি জানিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে সাংবাদিকদের বলেন, যারা সড়ক বা অন্যান্য দুর্ঘটনায় মারা গেছেন, তাদেরকেও ক্ষতিপূরণের আওতায় আনতে হবে। ১৪৪ বছর পর মহাকুম্ভ হয়- এমন তথ্যের সত্যতা নিয়ে প্রশ্ন তুলে গবেষকদের এ ব্যাপারে এগিয়ে আসার আহ্বান জানান।

## (বাইট- মমতা কুন্ত)

---

শিবরাত্রি উপলক্ষ্যে শৈবতীর্থ তারকেশ্বরে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্বে রেল আজ ও আগামীকাল হাওড়া ও তারকেশ্বরের মধ্যে একজোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। হাওড়া থেকে দুপুর দুটো ৪৫ মিনিটে এবং তারকেশ্বর থেকে বিকাল ৪ টে ৪০ মিনিটে ঐ ট্রেন ছাড়বে। সমস্ত স্টেশনেই তা থামবে বলে রেল সূত্রে জানা গেছে।

অন্যদিকে, মেট্রো রেল, আজ ব্লু লাইনে ১৩১ জোড়ার পরিবর্তে ১১৮ জোড়া ট্রেন চালাবে। তবে নোয়াপাড়া, দক্ষিণেশ্বর, কবি সুভাষ এবং মহানায়ক উত্তম কুমার স্টেশন থেকে প্রথম ও শেষ ট্রেনের সময় অপরিবর্তিত থাকছে।

---

দীঘায় নির্মায়মান জগন্নাথ মন্দির পরিচালনার জন্য মুখ্যসচিবের নেতৃত্বে ২৭ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ওই কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বৈঠকের পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন, কমিটিতে ইসকন, পুরীর জগন্নাথ মন্দির, দিঘার মাসির বাড়ি, কালীঘাট মন্দির, রামকৃষ্ণ মিশন-সহ একাধিক প্রতিষ্ঠানের একজন করে সদস্যকে রাখা হয়েছে। আগামীকাল কমিটির প্রথম বৈঠক বসবে। সেখানে মন্দিরের উদ্বোধন সংক্রান্ত বিষয়ে আলোচনা হবে। জগন্নাথ ধামের জমি এবং বাড়ি হিডকোর হাতে তুলে দেওয়া হচ্ছে। বাকি সিদ্ধান্ত নেবে ট্রাস্ট। মুখ্যমন্ত্রী জানান, দিঘার জগন্নাথ মন্দির নির্মাণের কাজ শেষের পথে। আগামী ৩০ এপ্রিল অক্ষয়

তৃতীয়ার দিনে মন্দিরের উদ্বোধন হবে। তার আগের দিন মন্দিরে শাস্ত্রীয় বিধি মেনে যাগ যজ্ঞ অনুষ্ঠিত হবে।

এদিকে শীত্রই কালীঘাটের স্কাইওয়াকেরও উদ্বোধন হবে বলে জানান মুখ্যমন্ত্রী।

---

উত্তর কলকাতার কুমারটুলি ঘাটে ট্রিলিব্যাগ করে মৃতদেহ গঙ্গায় ফেলার সময় ধৃত মা ও মেয়েকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হবে। আরতি ঘোষ ও ফাল্গুণী ঘোষ নামে এই দুজনের বিরুদ্ধে পুলিশ উত্তর বন্দর থানায় একটি মামলা রাখ্জু করেছে।

এদিকে, ফাল্গুণী ঘোষের পিসিশাশুড়ি খুনের ঘটনায় গতকাল গভীর রাত পর্যন্ত মধ্যমগ্রামে অভিযুক্তদের বাড়িতে পুনর্নির্মাণের কাজ চলে। উত্তর বন্দর ও মধ্যমগ্রাম থানার পুলিশ ঘোথভাবে এই পুনর্নির্মাণ করে।

আগেই জানানো হয়েছে, আরতি ঘোষ ও তার মেয়ে ফাল্গুণী মধ্যগ্রামের একটি ভাড়া বাড়িতে থাকতেন। সেখানে অসমের জোরহাট থেকে এসেছিলেন ফাল্গুণীর পিসি শাশুড়ি সুমিতা ঘোষ। সোমবার রাতে বচসার সময় মা ও মেয়ে ভারী কিছু দিয়ে তাঁকে আঘাত করলে মৃত্যু হয় সুমিতা দেবীর।

গতকাল সকালে তারা ট্রিলিতে করে সেই মৃতদেহ নিয়ে গঙ্গায় ফেলতে যান কুমারটুলির ঘাটে। সেই সময় স্থানীয় বাসিন্দারা তা দেখে ফেলে পুলিশে খবর দেয়। ধৃত দুজন প্রথমে ওই ট্রিলিতে তাঁদের পোষা কুকুরের দেহ আছে বলে দাবী করলেও, পুলিশ তা' খুলে সুমিতা দেবীর মুক্তহীন দেহ উদ্ধার করে।

---

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আজ হায়দ্রাবাদ এফ, সি, র মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ইস্টবেঙ্গল ২১ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার নবম স্থানে আছে। সমসংখ্যক ম্যাচে হায়দ্রাবাদ এফ সি ১৭ পয়েন্ট নিয়ে দ্বাদশ স্থানে রয়েছে।

এদিকে ডুমুরজলা স্টেডিয়ামে গতকাল প্রথম ডিভিশন গ্রুপ এ ম্যাচে ইস্টবেঙ্গল ২-০ গোলে সি ইএস সি কে হারিয়ে দিয়েছে। গোল করেছেন রাজতির সিং ও জাইদ খান। এফ সি আই ও টাটা হকি অ্যাকাডেমির মধ্যে অন্য খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।

---